R. N. No 2532/57

Phone No. RGG. 112

Regd No. WB/MSD—4

টেলিফোন ঃ ৩৪-১৫৫২
রিপ্রোডাক্সন সিন্ডিকেট
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

সবার সেরা
কালি, গাম, প্যাড ইঙ্ক
প্যারাগন কালি
প্যারাফিক্স, প্যাড ইঙ্ক
শ্যামনগর
২৪-পরগণা

৬৯শ বর্ষ
৪১শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ৮ই চৈত্র, বুধবার, ১৩৮৯ সাল
২৩শে মার্চ, ১৯৮৩ সাল।

নগদ মূল্য ঃ ২৫ পয়সা
বার্ষিক ১২৲, সডাক ১৪

## হাওড়া-ফরাক্কা রেল পথের সংস্কার চাই, চাই দ্রুতগামী ট্রেন

বিশেষ সংবাদদাতা ঃ আহিরণে ভয়াবহ রেল দুর্ঘটনার পর তৎকালীন রেল দপ্তরের পদস্থ কর্তারা হাওড়া-আজিমগঞ্জ রেলপথের উন্নয়ন ও দ্রুতগামী ট্রেন চালানোর যে আশ্বাস দিয়েছিলেন তা পূরণের বিন্দুমাত্র লক্ষণ এ যাবৎ দেখা যাচ্ছে না। রেল বিশেষজ্ঞদের মতে ঐ রেলপথে হেভী ট্রেন চালানো বিপদজনক। সেই কারণেই দ্রুতগামী সমস্ত মেল ট্রেনগুলিকে বীরভূম দিয়ে ঘুরিয়ে দেওয়া হচ্ছে। দুর্ভোগ পোহাচ্ছে মুরশিদাবাদ জেলার লক্ষ লক্ষ মানুষ। কলকাতার সঙ্গে সংযোগরক্ষার জন্য এই রেলপথ তাদের কাছে আজ ভরসাহীন। ১ এপ্রিল থেকে উত্তরবঙ্গ-কলকাতার মধ্যে কাঞ্চনজংঘা এক্সপ্রেস চালুর যে পরিকল্পনা ঘোষিত হয়েছে দাবী উঠেছে সে ট্রেনটিকে জঙ্গিপুর-আজিমগঞ্জ রেলপথের উপর দিয়ে চালানোর। এর ফলে কলকাতা যাতায়াত মুরশিদাবাদের মানুষের কাছে কিছুটা সহজসাধ্য হবে বলে আশা করা হচ্ছে। পূর্বরেলের জেনারেল ম্যানেজার সি কে স্বামীনাথন যখন গত বছর সংশ্লিষ্ট রেলপথ পরিদর্শনে আসেন তখন ফরাক্কা, ধুলিয়ান, জঙ্গিপুর, আজিমগঞ্জ সর্বত্রই তাঁকে প্রচণ্ড বিক্ষোভের মুখে পড়তে হয়। সর্বত্রই হাজার হাজার মানুষ ঐ রেলপথের দুরবস্থার বিরুদ্ধে তাঁর কাছে প্রতিবাদ জানান। যাত্রীদের দাবী ছিল, হাওড়া-আজিমগঞ্জ লুপ লাইনের উন্নয়ন এবং একটি সুপার এক্সপ্রেস ট্রেন চালু করার। এই নতুন ট্রেনটি ফরাক্কা-কলকাতার মধ্যে চলাচল করলে মুরশিদাবাদ ও বর্ধমানের কয়েক লক্ষ যাত্রী প্রভূত সুবিধে পেতে পারে। শ্রীস্বামীনাথন প্রস্তাবটি নিয়ে রেলবোর্ডের সঙ্গে আলোচনার আশ্বাস দিয়ে যান। সে আশ্বাসের কতটুকু কার্য্যকরী করা হয়েছে

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## ধুলিয়ানে সি পি এমের 'দাদাগিরি' তিন শরিক মানবে না

রাজনৈতিক সংবাদদাতা ঃ ধুলিয়ানে বামফ্রন্ট শরিকদের মধ্যে সমঝোতা আলোচনা ভেস্তে যাওয়ায় আর এস পি আসন্ন পঞ্চায়েত নির্বাচনে সামসেরগঞ্জ ব্লকে ৬০টি আসনে প্রার্থী দেবে। সমঝোতা করার স্বার্থে আর এস পি অন্যান্য শরিক দলের কাছে ৪০ শতাংশ আসন চেয়েছিল। কিন্তু সি পি এম তা মানতে রাজী না হওয়ায় ফ্রন্ট শরিকদের মধ্য সমঝোতার প্রচেষ্টা আপাততঃ ভেস্তে গেছে। আর এস পি'র সম্পাদক নন্দলাল সরকার জানান, ১৬ ফেব্রুয়ারী সি পি এম অফিসে পঞ্চায়েত নির্বাচনে সমঝোতা নিয়ে প্রাথমিক আলাপ আলোচনা অনুষ্ঠিত হয়। ঐ বৈঠকে ফঃ ব্লক ও সি পি আই নেতারাও যোগ দেন। বৈঠকে স্বীকৃত হয় আর এস পি ঐ এলাকায় সবচেয়ে শক্তিশালী। তবু আর এস পিকে আসন বণ্টনের ক্ষেত্রে উপেক্ষা করা হচ্ছে। শ্রীসরকার বলেন, '৭৮ সালে সি পি এম ঐ এলাকায় বেশী আসনে জিতলেও বর্তমানে

( ৩য় পৃষ্ঠায় দ্রষ্টব্য

## পি এম জি পুলিশ রিপোর্ট চান

নিজস্ব সংবাদদাতা ঃ বাড়ালা শাখা ডাকঘরের পোষ্ট মাষ্টার দুলাল বিশ্বাসকে আক্রমণ ও ছুরিকাঘাত করার ঘটনা সম্পর্কে রাজ্যের পোষ্ট মাষ্টার জেনারেল পুলিশ রিপোর্ট চেয়েছেন। ঐ অক্রমণের সঙ্গে ডাক ও তার বিভাগের রঘুনাথগঞ্জ শাখার এক ইডি কর্মচারী জড়িত বলে পি এম জি'র কাছে অভিযোগ যাওয়ায় তিনি এ সম্পর্কে বিস্তারিত জানতে চান। ঐ পোষ্ট মাষ্টার ৩১ জানুয়ারী সন্ধ্যা রাত্রে এক দুর্বৃত্তের হাতে আক্রান্ত

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## বর্ধিষ্ণু মির্জাপুরে চায় হাসপাতাল ও সড়কের সংস্কার

মিহির মণ্ডল ঃ মুরশিদাবাদ জেলার অন্যতম বর্ধিষ্ণু গ্রাম মির্জাপুর। রঘুনাথগঞ্জ থেকে মাইল চারেকের দক্ষিণমুখী পথ। হাজার ছয়েক মানুষের বাস। মির্জাপুরের খ্যাতি রাজ্যব্যাপী প্রধানতঃ দুটি কারণে। প্রথমতঃ রেশম শিল্প। হাজার খানেক মানুষের রুজি জড়িয়ে আছে এই শিল্পের উপর। তিনটি সমবায় সমিতি গড়ে উঠেছে রেশম শিল্পীদের স্বার্থ-রক্ষায়। দুঃখের বিষয় ৮৫ ভাগ শিল্পীর সঙ্গেই সমিতিগুলির কোন যোগাযোগ নেই। তিনটি সমিতির সাকুল্যে সদস্য সংখ্যা দেড়শো। সমিতিগুলি নিয়ে অভিযোগও রয়েছে বিস্তর। সমিতির কর্মকর্তারা অবশ্য বলেন, রেশম শিল্পের এই দৈন্য দশার মূলে হ্যাণ্ডলুম ডেভালপমেন্ট কর্পোরেশন বা খাদি কমিশন। বেগতিক অবস্থার সুযোগ নিচ্ছেন মহাজনরূপী মাড়োয়ারী গোষ্ঠী। মির্জাপুরের খ্যাতির দ্বিতীয় কারণ, খেলাধুলা। গ্রামীণ ক্রীড়াক্ষেত্রে গ্রামের দুটি ক্লাব শিবরাম স্মৃতি পাঠাগার এবং নবভারত স্পোর্টিং ক্লাব যথেষ্ট সুনাম কিনেছে। বহু সদস্য সর্বভারতীয় এ্যাথলেটসে জিতে এনেছে নামী-দামী পুরস্কার। গত ২৪ জানুয়ারী ৪টি ন্যাশনাল অ্যাওয়ার্ড লাভ করেছেন নবভারতের ছেলে-মেয়েরা। বাইরে এত নামডাকের অধিকারী হলেও মির্জাপুরের অভাব অভিযোগ কিন্তু কম নয়। গ্রাম পঞ্চায়েত নিয়ে ক্ষমতার লড়াই গ্রামোন্নয়ন ব্যাহত করেছে। গ্রামের মধ্যে প্রাথমিক বিদ্যালয়টি নির্মাণে ৩০ হাজার টাকার অনুমোদন মেলে। কাজও শুরু হয়। কিন্তু দু'বছর পেড়িয়ে গেলেও তা সম্পূর্ণ হয়নি এ যাবৎ। একমাত্র গার্লস জুনিয়ার হাই স্কুলটিও সমস্যায়

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## দোলে বাড়াবাড়ি রুখবে পুলিশ

নিজস্ব সংবাদদাতা ঃ দোলযাত্রা উৎসবে কোন রকম বাড়াবাড়ি বরদাস্ত করা হবে না। ছোটখাটো ঘটনাকেও কঠোর-ভাবে দমন করা হবে যাতে বড় ধরনের গোলমাল এড়ানো যায়। জেলা পুলিশ সুপার দুলাল বিশ্বাস বহরমপুরে সাংবাদিক সাক্ষাৎকারে এ হুঁসিয়ারী দিয়েছেন। লালগোলার দুই কুখ্যাত ডাকাত মালেক ও কাশেমকে কয়েক হাজার উন্মত্ত জনতা পিটিয়ে মারার ঘটনা উল্লেখ করে পুলিশ সুপার

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## চাকরির দাবীতে পায়ে হেঁটে কলকাতা

নিজস্ব সংবাদদাতা ঃ চাকরির স্থায়ী-করণের দাবীতে ডাক ও তার বিভাগের এক্সট্রা ডিপার্টমেণ্টাল (ইডি) কর্মীরা অভিনব হাজার মাইল পদযাত্রা অভি-যানে নেমেছেন। উদ্দেশ্য কলকাতায় রাজ্যপাল ভৈরব দত্ত পাণ্ডের কাছে দাবী সনদ পেশ করা। ৯ মার্চ্চ ফরাক্কা থেকে এদের যাত্রা শুরু। ১১ মার্চ্চ তারা রঘুনাথগঞ্জ শহরে এসে পৌঁছান। আজ তারা ২৪ পরগণার দমদম এলাকায় পৌঁছে গেছেন বলে খবর মিলেছে। এই পদযাত্রা আন্দোলনকে সবরকমভাবে

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## 'ট্রেজারী অফিসে দুর্নীতি, বাস্তুঘুঘুর বাসা'

নিজস্ব সংবাদদাতা ঃ জঙ্গিপুর সাব-ট্রেজারী অফিসের দুর্নীতি ও বাস্তু-ঘুঘুর বাসা ভাঙ্গার দাবী জানিয়েছেন সি পি এম নেতারা। জেলা শাসক প্রসাদরঞ্জন রায়ের কাছে বহরমপুরে এক স্মারকলিপি পেশ করে মৃগাংক ভট্টাচার্য্য ও বালক মুখারজি স্থানীয় ট্রেজারী অফিসে দুর্নীতি বন্ধের দাবী জানিয়েছেন। তাঁদের অভিযোগ বহু কর্মচারী ৭-৮ বছর ধরে ট্রেজারী অফিসে ঘাঁটি গেড়ে রামরাজত্ব

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।


# জঙ্গিপুর সংবাদ

৮ই চৈত্র বুধবার, ১৩৮৯ সাল


## পথের আপদ

৩৪নং জাতীয় সড়কে লরী, জীপ প্রভৃতি দুর্ঘটনা বিরল নহে। প্রাণহানিও কথনও কথনও যে ঘটে না, তাহা নহে। এই সব পথ-দুর্ঘটনা মূলতঃ দুইটি কারণে ঘটে। প্রথমতঃ গাড়ী চালকদের অন্যমনস্কতা বা অনুপযুক্ততা অথবা একরোখা মনোভাব। গাড়ী চালাইবার কালে যে ভাবে চালককে সতর্ক থাকিতে হয়, সময় বিশেষে হয়ত তাহার ব্যতিক্রম ঘটে; চালকের বিভিন্ন দক্ষতার অভাবও পরিলক্ষিত হয়; আবার জিদের বশবর্তী হইয়া এক গাড়ী আর এক গাড়ীর পাশ কাটাইতে গিয়াও বিপদের মুখে পড়ে। দ্বিতীয় কারণ, গাড়ী চলিবার কালে গুরুত্বপূর্ণ যান্ত্রিক গোলমাল। এই বিষয় অতি মারাত্মক। ষ্টিয়ারিং আয়ত্তের বাহিরে যাওয়া, চাকা পাংচার হওয়া কিংবা খুলিয়া যাওয়া—এই সব কারণে ভয়াবহ দুর্ঘটনা ঘটিয়া থাকে।

কিন্তু আরও এক প্রকারের দুর্ঘটনা আছে যাহা দুর্বৃত্তেরা ঘটাইয়া থাকে। গত ২রা মার্চ্চ ধুলিয়ানের কাছে আঁকুড়ায় যে জীপটি দুর্ঘটনায় পতিত হয়, তাহা এই সব দুর্বৃত্তদের ক্রিয়া-কলাপের ফলেই হইয়াছিল। এই দুর্বৃত্তেরা ছিনতাইকারীর দল। ইহাদের কাজই হইতেছে পথের মধ্যে কাঠ, পাথর প্রভৃতি ফেলিয়া অবরোধ সৃষ্টি করিয়া কার, লরী প্রভৃতি হইতে টাকা পয়সা বা মালপত্র লুঠ করা। ইহারা রাস্তার পার্শ্বে আত্মগোপন করিয়া থাকে। লরী প্রভৃতি রাস্তার মাঝে থামিয়া গেলে সুযোগ বুঝিয়া ইহারা ছিনতাইয়ের কাজে তৎপর হয়।

গত ২রা মার্চ্চও একই উদ্দেশ্যে পূর্বে উল্লিখিত স্থানে ছিনতাইকারীরা পাথর ফেলিয়া অবরোধের সৃষ্টি করিয়াছিল। একখানি জীপ গাড়ী ফরাক্কা হইতে ফিরিবার পথে এই অবরোধের সম্মুখীন হয়। পাথর ডিঙ্গাইতে গিয়া চলন্ত গাড়ীটি পাথরে ধাক্কা খাইয়া ব্রীজ হইতে নদীতে পড়িয়া যায়। জীপ চালকসহ তিনজন আহত হন এবং চালক লালচাঁদ সরকার সেই রাত্রিতেই মারা যান।

দুর্বৃত্তদের এই সব কারসাজি এমন ভাবে ঘটিতে থাকিলে পথে গাড়ী চালান সম্ভব হইবে না। সড়কপথে মালপত্র পরিবহণ বাড়িয়া গিয়াছে। মূল্যবান সামগ্রীও লরী বোঝাই যায়। কিন্তু তাহা মাঝ পথে ছিনতাইকারীদের করায়ত্ত হইলে এবং জীবনহানি ঘটিলে পরিবহণে ব্যাঘাত ঘটিবে সন্দেহ নাই। আজকাল পথের নিরাপত্তা থাকা একান্ত প্রয়োজন। সরকারী রোডসেস বাড়িয়াছে। পুলিশখাতে খরচও বাড়িয়াছে। সুতরাং রাস্তার নিরাপত্তাবিধান সম্পর্কে সুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণ করা আশু প্রয়োজন।

## রেলপথের সংস্কার চাই

( ১ম পৃষ্ঠার পর )

অদ্যাবধি তা জানা যায়নি। ঐ রেল-পথ দিয়ে বর্তমানে কামরূপ এক্সপ্রেস ও জনতা এক্সপ্রেস নামে দুটি ট্রেন আসাম ও কলকাতার মধ্যে চলাচল করে। কিন্তু বর্তমানে ঐ ট্রেন দুটির যাতায়াতের কোন নির্দিষ্ট সময়সীমা নেই। প্যাসেঞ্জার ট্রেনগুলিও চলছে খেয়ালখুশী মতন। রেলমন্ত্রী এ বি এ গণিখান চৌধুরীর কাছে এ নিয়ে বার বার দাবী জানানো হয়েছে। কিন্তু মালদাপ্রেমী মন্ত্রী মশায়ের মুরশিদাবাদ নিয়ে কোন ব্যস্ততা নেই। স্থানীয় কংগ্রেসীরা নির্বাচন ও ক্ষমতা দখলের চেষ্টায় যতটা বিভোর জেলার সমস্যাদি সমাধানের ব্যাপারে ততটা উৎসাহ দেখান না। রেলপথের নিয়ন্ত্রক কংগ্রেসী সরকার। অথচ এ পর্যন্ত আজিমগঞ্জ-হাওড়া রেলপথ উন্নয়ন ও মেল ট্রেন চালুর ব্যাপারে জেলার একজন কংগ্রেস নেতার মুখেও এ সম্পর্কে রা'টি নেই। কেন্দ্রের বহুবিধ বৈষম্যের বিরুদ্ধে সরব বাম-ফ্রন্টের নেতারাও রেল ব্যবস্থার এহেন বৈষম্যের বিরুদ্ধে আন্দোলন গড়ে তুলছেন না। অথচ সামগ্রিক লাগাতার আন্দোলনই পারে আজিমগঞ্জ-হাওড়া রেলপথের উন্নয়ন ঘটিয়ে অতিরিক্ত দ্রুতগামী ট্রেনের সুযোগ করে দিতে।

## বাস্তুঘুঘুর বাসা

( ১ম পৃষ্ঠার পর )

চালাচ্ছেন। সব কিছু জেনে-শুনেও ট্রেজারী অফিসার মহঃ সেলিম চুপচাপ রয়েছেন। শুক্রবার রামপুরা মিতালী সংঘ নামে এক ক্লাবের দুই কর্মকর্তা ৫ হাজার টাকার সরকারী সাহায্য সংক্রান্ত চালান পাশ করাতে গেলে সাব-ট্রেজারীর এক কর্মচারী তাঁদের কাছে পয়সা চান। তাঁরা তা দিতে গররাজি হয়ে প্রতিকারের জন্য বড়-বাবুর কাছে যান। সেখান থেকে ট্রেজারী অফিসার মহঃ সেলিমের কাছে। তিনি ক্লাবের কর্মকর্তাদের কাছে 'এ ব্যাপারে কোন রকম ব্যবস্থা নিতে অস্বীকার করেন'। খবর পেয়ে সি পি এম নেতারা ঘটনাস্থলে ছুটে গেলে এক কর্মচারী তাঁদের সঙ্গে অশালীন আচরণ করেন এবং এ নিয়ে তীব্র বাদানুবাদ হয়। পরে ঐ কর্মচারীকে থানায় নিয়ে গিয়ে কয়েকজন সি পি এম কর্মীর বিরুদ্ধে অভিযোগ লেখানো হয়। এই ঘটনা নিয়ে বেশ সোরগোল উঠেছে। সাব-ট্রেজারী অফিসে দীর্ঘদিন ধরে ব্যাপক দুর্নীতি চলছে বলে বহু অভিযোগ এসেছে।

## সড়ক সংস্কারে দেড় লক্ষ টাকা মঞ্জুর

বিশেষ সংবাদদাতা : পাঁচনপাড়া থেকে নতুনগঞ্জ পর্যন্ত সড়কটি সংস্কারে মুর্শিদাবাদ জেলা পরিষদ উদ্যোগ নিয়েছেন। এর জন্য ৫৪ হাজার টাকা এবং ১২২ কুইন্ট্যাল গম রঘুনাথগঞ্জ-১ পঞ্চায়েত সমিতিতে পাঠানো হয়েছে। জেলা পরিষদ অকুরের বাদশাহী সড়কটি সংস্কারেও প্রায় এক লক্ষ টাকা এবং দুশো কুঃ গম মঞ্জুর করেছেন। দুটি প্রকল্পের কাজই শুরু হবে মাস খানেকের মধ্যে।

## চক্ষু অপারেশন শিবির

নিজস্ব সংবাদদাতা : ১১ মার্চ ধুলিয়ান পুর ভবনে স্থানীয় লায়ন্স ক্লাবের উদ্যোগে একটি চক্ষু অপারেশন শিবিরের আয়োজন করা হয়। শিবিরের উদ্বোধন করেন জঙ্গিপুরের মহকুমা শাসক পি এস ক্যাথিরেশন। ডাঃ পিনাকীরঞ্জন রায়ের পরিচালনায় এদিন ১১১ জন দুঃস্থ লোকের চক্ষু অপারেশন করা হয়। এদের মধ্যে গোপাল দাস নামে ৫ মাসের একটি শিশুও ছিল। গত বছরও এই রকম একটি শিবিরের মাধ্যমে ৭৬ জনের চক্ষু অপারেশন করা হয়। লায়ন্স ক্লাব এই রোগীদের সপ্তাহভর খাওয়া, যাবতীয় ঔষুধপত্র এবং দুঃস্থদের চশমা ইত্যাদি সরবরাহ করেছেন। শহীদ নলিনী ভ্রাতৃসংঘ, ইলেভেন ষ্টার, ডায়মণ্ড ক্লাব ও জৈন নব যুবক সমিতি শিবির পরিচালনায় সর্বতোভাবে সাহায্য করেছেন বলে জানা গেছে।

বাণীপুর থেকে নিজস্ব সংবাদদাতা জানাচ্ছেন, জরুর গ্রাম পঞ্চায়েতের ব্যবস্থাপনায় মির্জাপুরে তিনদিনের এক চক্ষু অস্ত্রোপচার শিবিরে ১০ জনের চক্ষু অস্ত্রোপচার করা হয়েছে। এই শিবিরে মোট ৮২ জন চক্ষু পরীক্ষা করিয়েছেন। অল ইণ্ডিয়া ব্লাইণ্ড রিলিফ সোসাইটি বং এ, বি, এ, এন সি, পরিষদের পক্ষ হতে অস্ত্রোপচার করেন চক্ষু বিশেষজ্ঞ ও শল্যবিশারদ ডাঃ এস, বি, পি, শ্রীবাস্তব।


**National Thermal Power Corporation Ltd.**
( A Government of India Enterprise )
Farakka Super Thermal Power Project
Farakka : Murshidabad : West Bengal

**CORRIGENDA**

Attention To All Hydraulic Tower Wagon Manufacturer

Date of opening of our tender No. T-2160 published in January '83 for supply of one number "Vertical Telescopic type arial tower wagon" to be fitted on TATA 1210SE Chassis ( Chassis will be supplied by NTPC ) has been changed from 8 3. 83 to 5. 4. 83.

All other terms and conditions rematn same

Manager (Materials)
National Thermal Power Corporation Ltd.
Farakka Super Thermal Power Project,
P. O. Farakka, Dist. Murshidabad,
West Bengal, Pin-742212.

## লোকসংস্কৃতি উৎসব

নিজস্ব সংবাদদাতা : রঘুনাথগঞ্জ এস ডি ও রিক্রিয়েশন মঞ্চে দু'দিনব্যাপী জেলা লোকসংস্কৃতি উৎসব পালিত হয়েছে। শনিবার বিকেলে উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করেন জেলা শাসক প্রসাদরঞ্জন রায়। বিশিষ্ট অতিথি হিসেবে তথ্য দপ্তরের সচিব পার্থসারথী চৌধুরী উপস্থিত ছিলেন। এই উৎসবে কয়েকজন নির্দি ষ্টপেশা-দারী শিল্পী লোকগান পরিবেশন করেন।

### রামকৃষ্ণ স্মরণোৎসব

রঘুনাথগঞ্জ : স্থানীয় সার্ব্বজনীনতলা মাঠে ১২ ও ১৩ মার্চ্চ রামকৃষ্ণ স্মরণোৎসব উদ্‌যাপিত হয়েছে। এই উপলক্ষে আয়োজিত ধর্মসভায় স্বামী প্রজ্ঞানন্দ মহারাজ, স্বামী অনন্যানন্দজী, ডাঃ অমিয়কুমার হাটী প্রমুখ বক্তা ভাষণ দেন। ডাঃ হাটী ঐ দু'দিন বিনা পারিশ্রমিকে প্রায় শতাধিক মানুষের চিকিৎসাও করেন বলে উদ্যোক্তারা জানিয়েছেন।

### তিন শরিক মানবে না

( ১ম পৃষ্ঠার পর )

সি পি এম থেকে ব্যাপক দলত্যাগ ঘটেছে। এই অবস্থায় তাদের বেশী আসন চাওয়ার কোন অধিকার নেই। শেষ পর্যন্ত সমঝোতা হলেও আর এস পির আশঙ্কা ফ্রন্টের অন্য শরিকদের হারাতে সি পি এম পূর্ব্বেকার মত প্রায় সব আসনেই বেনামে নির্দ্দল প্রার্থী দাঁড় করাবে। এই 'বিশ্বাস-ঘাতকতা' সম্পর্কে আর এস পি তাই আগে থেকেই সতর্ক হয়ে চলতে চাইছে। এদিকে ফঃ ব্লক সূত্রে অভি-যোগ করা হয়েছে, দলত্যাগে রুষ্ট সি পি এম ধুলিয়ানে তাদের সঙ্গে সমঝোতা বৈঠক করলেও ফরাক্কায় কোন পাত্তা দিচ্ছেন না। এক নেতার অভিযোগ তারা সি পি এমের 'দাদাগিরি' কিছুতেই মানবেন না। তারাও সাধ্যমত আসনে প্রার্থী দিয়ে সি পি এমের বিরুদ্ধে প্রতিদ্বন্দ্বিতায় নামবে। তবে তাদের আশা আর এস পি, সি পি আই প্রভৃতি দলের সঙ্গে তাদের মোটামুটি বোঝ পাড়া হবে।

---

ফ্রি সেলে নন লেভি এ সি সি সিমেন্ট রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরে
আমরা সরবরাহ করে থাকি
কোম্পানীর অনুমোদিত ডিলার
ইউনাইটেড ট্রেডিং কোং
প্রোঃ রতনলাল জৈন
পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )
ফোনঃ জঙ্গি ২৭, রঘু ১০৭

## টেণ্ডার নোটিশ

এতদ্দ্বারা বিড়ি সরবরাহেচ্ছু এবং লেবেল প্যাকিং করিতে ইচ্ছুক ঠিকাদারগণকে জানানো যাইতেছে যে ঔরঙ্গাবাদ বিড়ি মার্চ্চেন্টস্ এ্যাসোসিয়েশনের সদস্যগণ বিভিন্ন সংশ্লিষ্ট কোম্পানীতে ( ধুলিয়ান, রঘুনাথগঞ্জ শাখা অফিসসহ ) সন ১৩৯০ সালে বাঁধাই বিড়ি সরবরাহের জন্য এবং লেবেল প্যাকিং করার জন্য সিলড্ টেণ্ডার আহ্বান করিতেছেন। উক্ত টেণ্ডার ১৩৮৯ সালের ৩০শে চৈত্র তারিখে অপরাহ্ণ ৫ (পাঁচ) ঘটিকার মধ্যে সংশ্লিষ্ট কোম্পানীতে দাখিল করিতে হইবে। এবং উক্ত ৩০শে চৈত্র ১৩৮৯ তারিখেই টেণ্ডার-দাতার সম্মুখে উক্ত টেণ্ডার খোলা হইবে এবং কোনও কারণ না দর্শাইয়া কর্তৃপক্ষ যে কোনও টেণ্ডার বা টেণ্ডারসমূহ বাতিল বা গ্রহণ করিতে পারিবেন। টেণ্ডারের নমুনা ও বিড়ির সেপ বা সাইজ এবং লেবেল প্যাকিং এর পদ্ধতি সংশ্লিষ্ট কোম্পানী বা অত্র এ্যাসো-সিয়েশন অফিস হইতে বিশদভাবে অবহিত হইতে পারেন। ইতি—

শ্রীসুরেন্দ্রনাথ দত্ত

তারিখ সেক্রেটারী
১-১২-৮৯ ঔরঙ্গাবাদ বিড়ি
১৬-৩-৮৩ মার্চ্চেন্টস্
এ্যাসোসিয়েশন

---

### দোতলা পাকা বাড়ী বিক্রয়

দফরপুর শিবতলা চৌরাস্তার মোড়ে ভদ্র পরিবেশে ছয়খানা ঘর, সেনিটারী পায়খানা, বাথরুম, ডিপ-টিউব-ওয়েল বিশিষ্ট বাড়ী তৎসংলগ্ন ভিটি ৪½ শঃ ( গোয়ালবাড়ী কুয়ো পায়খানাসহ ), ২¼ শঃ, ৩০ শঃ আমবাগান ৪৩½ শঃ, ১০৮ শঃ, ৬১ শঃ সত্বর যোগাযোগ করুন। শ্রীপীযূষকান্তি রায় প্রযত্নে শ্রীবলরাম চক্রবর্ত্তী, রঘুনাথগঞ্জ ফুলতলা।

---

পানে ও আপ্যায়নে
চা ঘরের চা
রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ
ফোন—৩২

## ॥ কৃষি সংবাদ ॥

*আপনার নিজের প্রয়োজনীয় গমের বীজ নিজেই রাখুন।*

গমের ফলন অনেকটা নির্ভর করে ভালো বীজের উপর। ১০-১২ বছর আগে রাখা বীজ দিয়েই গম চাষ ফলন কমের অন্যতম কারণ। সেই জন্য প্রতি তিন-চার বছর অন্তর গমের বীজ বদলে সার্টিফায়েড বা উন্নতমানের বীজ ব্যবহার করুন। এবারের ফাউণ্ডেশন বা সার্টিফায়েড বীজ লাগানো ক্ষেত থেকে আগামী বছরের জন্য গমের বীজ সংগ্রহ করুন। বীজ রাখতে হলে কি কি করবেন :

★ রোগমুক্ত ক্ষেতের যে অংশে পুষ্ট গম হয়েছে সেখান থেকেই বীজ সংগ্রহ করুন।

★ ভূষো রোগ আক্রান্ত শীষ ভিজে কাপড় বা চট দিয়ে তুলে নিয়ে পুড়িয়ে ফেলুন। এইসব জমি থেকে বীজ না রাখাই ভাল।

★ ক্যানাঘাস, করাত ঘাস বা বুনো ঘাস ইত্যাদি দেখলে এখনই তুলে ফেলুন এবং পুড়িয়ে দিন।

★ অপুষ্ট বা ছোট দানা বাদ দিয়ে পুষ্ট দানার শীষ থেকেই বীজ সংগ্রহ করুন।

★ আলাদাভাবে মাড়াই ও ঝাড়াই করে ভালভাবে রোদে শুকিয়ে নিন। দাঁত দিয়ে কাটলে কট করে শব্দ হলে বুঝবেন বীজ শুকনো হয়েছে।

একর প্রতি ৪০ কেজি ও আরো দশ কেজি বাড়তি বীজ রাখুন। ফাউণ্ডেশন বা সার্টিফায়েড বীজ এই জেলায় এবার ব্যাপক দেওয়া হয়েছে। আপনার এলাকার চাষীর খবর নিয়ে এখনই যোগাযোগ রাখুন এবং প্রয়োজনীয় বীজ সময়মত সংগ্রহ করুন।

আরো পরামর্শের জন্য স্থানীয় কৃষি কর্মীর সঙ্গে যোগাযোগ করুন।

---

মুর্শিদাবাদ জেলার মুখ্য কৃষি আধিকারিক কর্তৃক প্রচারিত।

---

জেলা তথ্য ও সংস্কৃতি বিভাগ, মুর্শিদাবাদ।

## বঙিস্থ মির্জাপুরে

(১ম পাতার পর)

জর্জর। ঘর নেই, আসবাব নেই। শিক্ষিকার সংখ্যাও কম। এ বছর স্কুলে নবম শ্রেণী খোলা হয়েছে। এর জন্য অনুমোদন এখনও মেলেনি। অভিভাবকরা ঝুঁকি নিয়ে তাই ছাত্রীদের নবম শ্রেণীতে ভর্তি করতে রাজী হচ্ছেন না অনেকেই। ছ'জন শিক্ষিকা ও প্রায় ২ শো জন ছাত্রী ছাড়াও রয়েছেন একজন বিনি পয়সার শিক্ষিকা। গৃহ ও আসবাব সমস্যা ততটা প্রকট না থাকলেও মির্জাপুর দ্বিজপদ হাই স্কুলে প্রধান সমস্যা শিক্ষকের। ম্যানেজিং কমিটি রাজী না হওয়ায় ৪ জন শিক্ষককে নিয়োগ পত্র দেওয়া যাচ্ছে না ঐ স্কুলে—এ বক্তব্য স্কুলের জনৈক মুখপাত্রের। অনেকে স্কুলটিতে দ্বাদশ শ্রেণীতে বাণিজ্যিক বিভাগ খোলার উপর জোর দিয়েছেন। বিদ্যুতের আলো, টেলিফোন সব কিছুর সুযোগ পেলেও গ্রামে এ পর্যন্ত কোন স্বাস্থ্য কেন্দ্র গড়ে ওঠেনি। গ্রামের রাস্তাঘাটের অবস্থাও তথৈবচ। ৩৪নং জাতীয় সড়কের সঙ্গে সংযোগ রক্ষাকারী কাঁচা রাস্তাটির অবস্থা অত্যন্ত শোচনীয়। গত ৫ বছরে গ্রাম পঞ্চায়েত রাস্তাটি সংস্কারে বিন্দুমাত্র উদ্যোগ নেয়নি। ফলে কষ্ট বেড়েই চলেছে গ্রামবাসীদের।

সবার প্রিয় চা—
**চা ভাণ্ডার**
রঘুনাথগঞ্জ সদরঘাট
ফোন—১৬

## পুলিশ রিপোর্ট চান

(১ম পাতার পর)

হন। এবং তাকে আহত অবস্থায় জঙ্গিপুর হাসপাতালে ভর্তি করা হয়। রঘুনাথগঞ্জ পুলিশ ঐ ঘটনা নিয়ে তদন্তে তেমন ভাবে মাথা ঘামাননি বলে অভিযোগ উঠেছে। পুলিশী রিপোর্ট পাবার পর পি এম জি এ ব্যাপারে রাজ্যের স্বরাষ্ট্র সচিবের সঙ্গে কথা বলবেন বলে জানা গেছে।

## চাকরির দাবীতে


(১ম পাতার পর)

সাহায্য করছেন ১২ জুলাই কমিটি। তাঁদের অভিযোগ, সুপ্রীম কোর্ট ও রাজন কমিটি ই ডি কর্মীদের বিভাগীয় কর্মী হিসাবে গণ্য করতে কেন্দ্রীয় সরকারকে পরামর্শ দেওয়া সত্ত্বেও তা অদ্যাবধি কার্যকরী না হওয়ায় ই ডি কর্মী ৷ ক্ষুব্ধ। তাঁরা 'দাসপ্রথা'র অবসানে ব্যাপক আন্দোলন গড়ে তুলতে চান।

## বাড়াবাড়ি রুখবে পুলিশ

(১ম পাতার পর)

পুলিশকে জনসাধারণের প্রতিরোধ ব্যবস্থার প্রতি সহায়তা করতে বলেছেন। সাধারণ মানুষের প্রতি তাঁর আহ্বান, সন্দেহজনক ব্যক্তিদের পরিচয় পুলিশকে জানান। নিজের পরিচয় গোপন রেখে কেও এ জাতীয় ইনফরমেশন দিলে পুলিশ ব্যবস্থা নেবে বলে শ্রীবিশ্বাস আশ্বাস দিয়েছেন।



## শ্রম এব জয়তে

নবম এশিয়ান গেমস্-এর বিপুল সাফল্যের পেছনে রয়েছে নেতৃত্ব, শৃংখলা এবং কঠোর পরিশ্রম—যা সুবৃহৎ প্রকল্পগুলির দ্রুত রূপায়ণ এবং ভারতের সাংগঠনিক ক্ষমতার উজ্জ্বল দৃষ্টান্ত এবং যা ভারতকে বিশ্বজোড়া খ্যাতি এনে দিয়েছে।

স্টেডিয়ামগুলি রেকর্ড সময়ে তৈরী করা হয়েছে। সারা দেশে এবং বিদেশে লক্ষ লক্ষ মানুষ রঙীন টেলিভিশনে সরাসরি খেলা দেখেছেন। এই বিশাল কর্মযজ্ঞে কমপিউটার, ইলেক্ট্রনিক এক্সচেঞ্জ, মাইক্রোওয়েভ এবং উপগ্রহ সংযোগকে সুষ্ঠু ও দক্ষ ভাবে কাজে লাগানো হয়েছে।

## দীপশিখা অনির্বাণ রাখুন



এশিয়াডে যে মনোভাব নিয়ে আমরা কাজ করেছি আসুন জাতীয় প্রয়াসের বৃহত্তর ক্ষেত্রেও আমরা তা ছড়িয়ে দিই।

আমাদের অর্থনীতিতে গতি সঞ্চারিত হয়েছে। দেশের লক্ষ লক্ষ মানুষের কষ্ট লাঘবের জন্য এই গতি অব্যাহত রাখা আমাদের কর্তব্য। আমাদের প্রত্যেককেই এজন্য সচেষ্ট হতে হবে।

**শক্তিশালী দেশ গঠনে**
**আসুন আমরা সকলে মিলেমিশে কাজ করি**

রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত।